দৈনিক সংবাদ

012

তারিখ 28 MAY 1986

পৃষ্ঠা 5 কলাম 6


### প্রাথমিক বিদ্যালয়ে পুলিশ ক্যাম্প স্থাপন

# প্রায় ৩ শ' ছাত্র-ছাত্রীর ভবিষ্যৎ অনিশ্চিত

বান্দরবন, ২৭শে এপ্রিল (নিজস্ব সংবাদদাতা)।-বান্দরবন সদর উপজেলার আমতলী সরকারী প্রাথমিক বিদ্যালয়ে পুলিশ ক্যাম্প স্থাপন করার কারণে বিদ্যালয়ের প্রায় ৩শ' ছাত্রছাত্রী শিক্ষা লাভ থেকে গত ৩ বছর যাবৎ বঞ্চিত। গত ৩ বছর পূর্বে ঐ বিদ্যালয়ে পুলিশ ক্যাম্প স্থাপন করা হয়, ছাত্র ছাত্রীদের ক্লাশ করার বিকল্প হিসেবে কোন ব্যবস্থা বা ঘর নির্মাণ করা হয়নি। ফলে বিদ্যালয়ের কচি ছাত্রছাত্রীরা শিক্ষা লাভ করা থেকে বঞ্চিত হচ্ছে। এলাকাবাসী জানান, তারা প্রশাসনিক কর্তৃপক্ষের কাছে বিকল্প বিদ্যালয় স্থাপনের দাবী জানালেও আজ পর্যন্ত কোন কার্যকর ব্যবস্থা নেয়া হয়নি।

এ ব্যাপারে যোগাযোগ করা হলে জেলা শিক্ষা বিভাগের একজন কর্মকর্তা বলেন, তহবিলের অভাবে বিকল্প কোন বিদ্যালয় নির্মাণ করা সম্ভব হচ্ছে না।

**আবাসিক সংকট**

বান্দরবন জেলা সদরসহ ৭টি উপজেলায় আবাসিক সমস্যা প্রকট আকার ধারণ করেছে। ফলে সরকারী-বেসরকারী কর্মচারীদের বাসস্থান সংকটের কারণে ভোগান্তি ক্রমশ: বাড়ছে। কোন কোন ক্ষেত্রে বেসরকারী বাসা পাওয়াও দুষ্কর হয়ে দাঁড়িয়েছে।

এ সুযোগে এলাকার কিছু-সংখ্যক মালিক বাসা ভাড়া পূর্বের তুলনায় ২।৩ গুণ বেশী আদায় করছে। নতুন জেলা ও উপজেলা সৃষ্টি হবার ফলে এলাকায় সরকারী আধা-সরকারী, বেসরকারী ও স্বায়ত্ত শাসিত অনেক নতুন নতুন দপ্তরসহ কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা প্রচুর পরিমাণ বেড়েছে। কিন্তু সে অনুপাতে দপ্তর ও আবাসিক ভবন নির্মিত হয়নি। জেলা সদরের বেশকিছু কর্মকর্তা ডাক বাংলোগুলো বাসা হিসেবে ব্যবহার করতে বাধ্য হয়েছেন।